গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এ উল্লিখিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর/২০২২) পরিবীক্ষণ কমিটি'র অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব
সভার তারিখ	১৩-০৯-২০২২
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	'পরিশিষ্ট-ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এ উল্লিখিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ কমিটি'র সভা আহ্বান এবং সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক (জুলাই-সেপ্টম্বর/২২) সভা আহ্বান করা হয়েছে। এছাড়া, এ বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মপরিকল্পনায় সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.১.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২টি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করার জন্য বাজেট অধিশাখাকে অনুরোধ করা হয়েছে।

১.২। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় জানতে চাওয়া হলে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) জানান যে, এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর আপডেট করা হচ্ছে এবং আপডেটকৃত তথ্য ওয়েবসাইটে আপলোড করা হবে। সভায় আরও জানানো হয় যে, সকল দপ্তর/অধিশাখা/শাখা-কে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতি এ বিভাগের সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

১.৩। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের বিষয়ে উপস্থিত সকলকে আরও তৎপর হওয়ার এবং দপ্তর/সংস্থায় সিটিজেন চার্টার হালনাগাদ করে সে অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন।

০২। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্তের বিবরণ

২.১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;
২.২	এ বিভাগের সকল কর্মকতাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলোড করতে হবে;
২.৩	এ বিভাগের সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে; এবং
২.৪	স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.২১০৩

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯
১৩ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৩) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
৪) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর (Blue Economy সেল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৫) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
৬) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
৭) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট।
৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর।
৯) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
১০) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
১১) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১২) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৩) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫) উপসচিব, অপারেশন-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৬) উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৭) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
১৮) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২০) অফিস কপি।

মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব